DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 01:25 PM

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় বই পড়া কর্মসূচি-২০২৬ উদ্বোধন

# শিক্ষার্থীদের পাঠাভ্যাস ও সৃজনশীল চিন্তার বিকাশে জেলা প্রশাসনের উদ্যোগ

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



শিক্ষার্থীদের মধ্যে পাঠাভ্যাস গড়ে তোলা এবং সৃজনশীল চিন্তার বিকাশে ব্রাহ্মণবাড়িয়ায় বই পড়া কর্মসূচি-২০২৬-এর উদ্বোধন করা হয়েছে। জেলা প্রশাসনের উদ্যোগে এবং সরকারের বই পড়ি, দেশ গড়ি প্রতিপাদ্যের আলোকে মঙ্গলবার (৪ আগস্ট) কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে জেলা প্রশাসক মো. আবু সাঈদ জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শন করেন এবং শিক্ষার্থীদের সঙ্গে বই পড়ার গুরুত্ব নিয়ে মতবিনিময় করেন। এ সময় তিনি শিক্ষার্থীদের নিয়মিত পাঠাভ্যাস গড়ে তোলার আহ্বান জানিয়ে বলেন, পাঠ্যবইয়ের পাশাপাশি সাহিত্য, বিজ্ঞান, ইতিহাস ও জ্ঞানভিত্তিক বই পাঠ সৃজনশীলতা, কল্পনাশক্তি, বিশ্লেষণী দক্ষতা এবং মানবিক মূল্যবোধ বিকাশে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

অনুষ্ঠানে অংশ নেওয়া শিক্ষার্থীরা কর্মসূচিতে যুক্ত হওয়ার আগ্রহ প্রকাশ করেন এবং নিয়মিত বই পড়ার মাধ্যমে নিজেদের জ্ঞান ও দক্ষতা

বৃদ্ধির প্রত্যয় ব্যক্ত করেন।

জেলা প্রশাসন জানিয়েছে, প্রাথমিক পর্যায়ে জেলার বিভিন্ন স্কুল, কলেজ ও মাদ্রাসায় সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হবে। এসব কার্যক্রমের মাধ্যমে শিক্ষার্থীদের বই পড়ার উপকারিতা, সাহিত্যের সঙ্গে সম্পৃক্ততা, কর্মসূচিতে অংশগ্রহণের নিয়মাবলি এবং আয়োজনের বিভিন্ন বিষয় সম্পর্কে অবহিত করা হবে।

পর্যায়ক্রমে জেলার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশগ্রহণে বই পড়া প্রতিযোগিতা, পাঠ-আলোচনা, সাহিত্য আড্ডাসহ উপজেলা ও জেলা পর্যায়ে নানা কর্মসূচির আয়োজন করা হবে। কর্মসূচিতে সেরা পাঠকদের নির্বাচন করে পুরস্কার ও সনদ প্রদান করা হবে বলেও জানিয়েছে জেলা প্রশাসন।

জেলা প্রশাসনের প্রত্যাশা, এ উদ্যোগ শিক্ষার্থীদের মধ্যে পাঠাভ্যাস গড়ে তোলার পাশাপাশি জ্ঞাননির্ভর, সৃজনশীল ও মানবিক মূল্যবোধসম্পন্ন নতুন প্রজন্ম গড়ে তুলতে কার্যকর ভূমিকা রাখবে।

---

## এ বিভাগের আরও খবর




**সার্ভার হ্যাক করে এনআইডি-সিডিআরসহ গোপন তথ্য সরবরাহ, যুবক গ্রেপ্তার**
নওগাঁর মান্দায় নির্বাচন কমিশনের সার্ভারে সংরক্ষিত নাগরিকদের ব্যক্তিগত ও গোপন তথ্য সংগ্রহ করে অর্থের বিনিময়ে সরবরাহের অভিযোগে মো. আব্দুস সালা...




**যৌতুকের জন্য গৃহবধূকে হত্যার অভিযোগ পরিবারের, গ্রেফতার দাবি**
নীলফামারীতে যৌতুকের জন্য নাছরিন নাহার (৩৫) নামে এক গৃহবধূকে পরিকল্পিতভাবে হত্যা করা হয়েছে বলে অভিযোগ করেছে তাঁর পরিবার। এ ঘটনায় জড়িতদের দ্রু...



### হাইকোর্টের নির্দেশে ইসলামী রীতিতে শুভ চন্দ্রের দাফন সম্পন্ন

অবশেষে হাইকোর্টের নির্দেশে ইসলামী রীতি অনুযায়ী দাফন করা হয়েছে ধর্মান্তরিত শুভ চন্দ্র দাস ওরফে মো. বিল্লালের মরদেহ। রোববার রাতে নারায়ণগঞ্জ নগ...



### পদ্মায় নিখোঁজ ছাত্রদল নেতা রকির মরদেহ উদ্ধার

কুষ্টিয়ার ভেড়ামারায় পদ্মা নদীতে নৌকা ভ্রমণে গিয়ে হার্ডিঞ্জ ব্রিজের পিলারের সঙ্গে ধাক্কা লেগে নিখোঁজ ঝিনাইদহের শৈলকুপার পৌর ছাত্রদলের সদস্য...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/shiksharthider-pathabhjas-o-srijnshil-chintar-bikashe-jela-prshasner-udjog